



🏠 মূল পাতা    📧 ঘোষণাঘোষণা    📞 লগ-ইন করুন    👤 নিবন্ধিত হোন

ঢাকা, মঙ্গলবার, ২৯ এপ্রিল ২০০৮, ১৬ বৈশাখ ১৪১৫, ২২ রবিউস সানি ১৪২৯  
বর্ষ ১০, সংখ্যা ১৭২, আপডেট: বাংলাদেশ রাত ২টা ৪৫ মিনিট

এ সংখ্যায় থাকছে

- ▶ প্রথম পাতা
- ▶ শেষ পাতা
- ▶ সম্পাদকীয়/উপসম্পাদকীয়
- ▶ খোলা কলম
- ▶ সারা দেশ
- ▶ বিশাল বাংলা
- ▶ সারা বিশ্ব
- ▶ খেলাধুলা
- ▶ বিনোদন
- ▶ পড়াশোনা
- ▶ কম্পিউটার প্রতিদিন
- ▶ চিঠিপত্র
- ▶ অর্থ ও বাণিজ্য
- ▶ মহানগর

🗨️ ফিচার পাতা

- ▶ নকশা

## সারা দেশ

➕ সংবাদ শিরোনাম

◀ আগের সংবাদ

▶ পরের সংবাদ

### রাজনৈতিক প্রভাবমুক্ত পুলিশ বাহিনী প্রয়োজন অধ্যাদেশ নিয়ে গোলটেবিল বৈঠকে অভিমত

নিজস্ব প্রতিবেদক

প্রস্তাবিত পুলিশ অধ্যাদেশ বিষয়ে আয়োজিত গোলটেবিল বৈঠকে বক্তারা বলেছেন, পুলিশ বাহিনীকে রাজনৈতিক প্রভাবমুক্ত করা জরুরি। তারা কোনো রাজনৈতিক দলের নয়, সরকারের নিয়ন্ত্রণে থাকবে। গতকাল সোমবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত গোলটেবিল বৈঠকে বেশির ভাগ বক্তাই এ মতামত তুলে ধরেন। তাঁরা বলেন, প্রস্তাবিত অধ্যাদেশে পুলিশপ্রধানকে বেশি ক্ষমতা দেওয়া হয়েছে। এতে সরকারের সঙ্গে তাঁর বিরোধ সৃষ্টি হতে পারে।

সুশাসনের জন্য নাগরিক-সুজন আয়োজিত গোলটেবিল বৈঠকে অধ্যাপক মোজাফ্ফর আহমদ সভাপতিত্ব করেন। বৈঠকে ড. কামাল হোসেন বলেন, এসব মৌলিক পরিবর্তনের কাজ নির্বাচিত প্রতিনিধিদের করা উচিত। কিন্তু অতীতে দেখা গেছে, কেউ এদিকে দৃষ্টি দেয়নি। পুলিশের সংস্কারের কথা উল্লেখ করে তিনি বলেন, এটা করতে কেন ৬০ বছর লাগল, সেটাই বড় প্রশ্ন। তিনি বলেন, ক্ষমতা কারও পৈতৃক সম্পত্তি নয়। ক্ষমতা নিয়ে বাণিজ্যের দিন শেষ হয়েছে। এখন পুলিশকে দলীয় প্রভাবমুক্ত হয়ে কাজ করতে হবে।

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এএসএম শাহজাহান বলেন, বছরের পর বছর ধরে পুলিশের সংস্কারকাজ অন্ধকারে ছিল। বর্তমান সরকার এ ব্যাপারে গুরুত্ব দিচ্ছে। তিনি বলেন, এ অধ্যাদেশ বাস্তবায়িত হলে পুলিশ 'বাহিনী'র বদলে 'সেবা সংস্থা'য় পরিণত হবে।

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা হাফিজউদ্দিন খান বলেন, পুলিশের নিজের কাজের সচ্ছতা আগে আনতে হবে। আগের সব সরকারের সময় দেখা গেছে, প্রধানমন্ত্রীর দপ্তর থেকে ওসি বদলি করা হচ্ছে। তিনি পুলিশের বেতন বাড়ানোর সুপারিশ করেন।

পুলিশের সাবেক মহাপরিদর্শক নূরুল হুদা বলেন, পুলিশ সব পারে-এ অবস্থা থেকে বের হয়ে আসতে হবে। পুলিশ এখন অনেক কিছুই পারে না। সাবেক কয়েকটি সরকারের সমালোচনা করে তিনি বলেন, গণতান্ত্রিক সরকারগুলো

▶ আলোকিত চটগ্রাম

⊗ আরো যা আছে

⊙ সকল ফিচার পাতা

⊙ পুরনো সংখ্যা

⊙ আমাদের কথা

⊙ বাংলা না এলে

এ পর্যন্ত পড়েছেন

২৫৮৪০০

জন পাঠক



আরও বেশি সৈরাচারী ছিল। তারা প্রতিপক্ষকে ঘায়েল করতে সব কিছুই করেছে। তিনি বলেন, পুলিশের তদন্তের আস্থা এমন পর্যায়ে গেছে যে, সবাই এফবিআই, স্কটল্যান্ড ইয়ার্ড দিয়ে তদন্ত করাতে চায়। অথচ আইনে এর কোনো সুযোগ নেই। তিনি পুলিশের নিয়োগ, বদলি ও পদোন্নতি প্রভাবমুক্ত করার কথা বলেন।

ডা. জাফরুল্লাহ চৌধুরী বলেন, পুলিশের বেতন-ভাতা বাড়াতে হবে। নির্বাচিত জনপ্রতিনিধিরা যেদিন সরকারি চাকুরীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) লিখতে পারবেন, সেদিনই সত্যিকারের পরিবর্তন আসবে।

কর্নেল ফারুক খান বলেন, আগামী দিনের সুরাষ্ট্রমন্ত্রী খারাপ হবেন-এমন ভাবনা থেকেই পুলিশ আইন করা হচ্ছে। পুলিশের সংস্কারের আগে রাজনৈতিক সংস্কার করতে হবে।

ড. আবদুর রাজ্জাক বলেন, রাজনীতিবিদদের প্রভু ভাবে চলবে না। পরিবর্তনের হাওয়া সব ক্ষেত্রে থাকতে হবে।

পুলিশের ডিআইজি বেনজীর আহমেদ বলেন, নিরপক্ষে, দক্ষ ও পেশাদার পুলিশ থাকলে ১১ জানুয়ারির আগে দেশে যেসব ঘটনা ঘটেছে তা ঘটত না। তিনি বলেন, পুলিশকে দুর্নীতিগ্রস্ত বলা হয়, কিন্তু কয়জন পুলিশ বিদেশে টাকা পাচার করেছে?

সুজনের সম্পাদক ড. বদিউল আলম মজুমদার পুলিশ অধ্যাদেশের কয়েকটি ধারায় অসংগতির কথা উল্লেখ করে বলেন, প্রস্তাবিত অধ্যাদেশের কয়েকটি ধারা মৌলিক অধিকারের পরিপন্থী। এতে এই বাহিনীর ওপর সরকারের কোনো নিয়ন্ত্রণ থাকবে না। তিনি খসড়ার বেশ কয়েকটি ত্রুটি তুলে ধরেন।

সভাপতির বক্তব্যে অধ্যাপক মোজাফ্ফর আহমদ বলেন, পুলিশের পরিবর্তন করতে হবে। একই সঙ্গে প্রশাসনের সংস্কারও জরুরি।

+ সংবাদ শিরোনাম

🖨️ প্রিন্ট করুন

? বাংলা না এলে

[Home](#) | [About Us](#) | [Feedback](#) | [Contact](#)

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

**Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.**

News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.

Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Copyright 2005, All rights reserved by **Prothom-**

**Alo.com**

**Privacy Policy | Terms & Conditions**